# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 14.09.2024 Time: 7.35 A.M**

বিশেষ বিশেষ খবর –

১) আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়র চিকিৎসকরা মুখ্যমন্ত্রীরসঙ্গে বৈঠক ভেস্তে যাওয়ার পর রাষ্ট্রপতিকে চিঠি পাঠানোর খবর সঠিক নয় বলে দাবি করেছে। বৈঠকের অনেক আগেই তারা রাষ্ট্রপতিকে এব্যাপারে মেইল করেন বলে জুনিয়ার ডাক্তারদের সংগঠন স্পষ্ট জানিয়েছে।

তাদের আন্দোলন সম্পূর্ণ অরাজনৈতিক বলেও WBJDF উল্লেখ করেছে।

এদিকে বৃষ্টি মাথায় নিয়ে আজ পঞ্চম দিনেও স্বাস্থ্য ভবনের সামনে ধর্ণা অবস্থান চলেছে। তাদের ৫ দফা দাবির সমর্থনে আজ আবারও রাত দখলের ডাক দেওয়া হয়েছে।

২) তৃণমূল কংগ্রেস আবারও জুনিয়ার চিকিৎসকদের কর্মবিরতি ও অবস্থানকে কটাক্ষ করেছে। অন্যদিকে, বিজেপি রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে বিপর্যয়ের জন্য তৃণমূল কংগ্রেস সরকারকেই দায়ী করেছে।

৩) দক্ষিণ পূর্ব বাংলাদেশ উপকূল এবং সংলগ্ন এলাকায় সৃষ্ট নিম্নচাপের প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারি বৃষ্টি হচ্ছে।

৪) আজ করম পুজো। এই উপলক্ষে রাজ্য সরকার পূর্ণ দিবস ছুটি ঘো,ণা করেছে।

৫) আইএসএল ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট এবং মুম্বাই সিটি এফ সি-র ম্যাচ অমীমাংসিত।

---------------------------------------------------------------------------------------------------

আর জি কর ইস্যুতে আন্দোলনরত জুনিয়র ডাক্তার দের সঙ্গে পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির গত বৃহস্পতিবার বৈঠক ভেস্তে যাওয়ায় তাঁরা হতাশ হয়ে দিশা পাওয়ার লক্ষ্যে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু কে চিঠি পাঠিয়েছেন বলে বিভিন্ন সংবাদ মাধ্যমে প্রচারিত খবর , সর্বতোভাবে ভুল বলে West Bengal Junior Doctors' Front জানিয়েছে। গতরাতে এক সাংবাদিক বৈঠকে ফ্রন্টের তরফে একথা স্পষ্ট করে জানানো হয় যে, রাষ্ট্রপতির কাছে তাঁরা মেল করেছেন ঠিকই , তবে তা গত ১২ সেপ্টেম্বর মুখ্যমন্ত্রীর সঙ্গে ওই বৈঠকের অনেক আগেই। মুখ্যমন্ত্রীর ওই বৈঠকের সঙ্গে রাষ্ট্রপতিকে পাঠানো ওই মেলের কোনো যোগসূত্র নেই এই দাবি করে WBJDF এর তরফে বলা হয়, , গত ৯ সেপ্টেম্বর সুপ্রিম কোর্টেও তাঁরা তাঁদের দাবি গুলি ই মেল মারফত পেশ করেছেন। অরাজনৈতিক শান্তিপূর্ণ আন্দোলনের পথে তাঁরা আইনিভাবে বিচার পেতে চান , এবং এজন্যে সমস্ত সরকারি ও আইনি সম্ভাবনাই খতিয়ে দেখা হছহে বলে এক জুনিয়র চিকিৎসক জানালেন

বাইট

--------------------------

এদিকে স্বাস্থ্য ভবনের সামনে আন্দোলনরত চিকিৎসকদের ধর্ণা অবস্থান আজ পঞ্চম দিনেও চলেছে। গতকাল সারাদিন ও রাতভর ভারি বৃষ্টিতে সেখানে জল জমে গেলে তারা বিপাকে পড়েন। ভিজে যায় জামা কাপড়ও। তা সত্ত্বেও সরে আসেননি

অবস্থান বিক্ষোভ থেকে। বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠান এবং ব্যক্তিগত উদ্যোগে তাদের প্রয়োজনীয় জিনিস সরবরাহের বন্দোবস্ত করা হচ্ছে। বৃষ্টিতে বাঁশ ও ত্রিপল দিয়ে দেওয়া হয়েছে মাথার ওপর ছাউনি দেওয়া হয়েছে। গতরাতে আন্দোলন স্থলের চারপাশে লাগানো হয় সিসিটিভি। রোগীদের সুবিধার্থে আন্দোলনকারীরা সেখানে অভয়া ক্লিনিকও চালিয়ে যাচ্ছেন।

বৃষ্টি মাথায় নিয়েই আন্দোলনকারী চিকিৎসকেরা তাদের ৫ দফা দাবীতে অনড়। এই দাবীর সমর্থনে জুনিয়র চিকিৎসকদের সংগঠন WBJDF আজ ও আবার রাত দখলের ডাক দিয়েছে। ৯ ই অগাস্ট ওই তরুণী চিকিৎসকের খুন ও ধর্ষণের পর ১৪ ই অগাস্ট রাতে যেভাবে রাজ্য জুড়ে সাধারন মানুষ স্বতঃস্ফূর্তভাবে রাত দখল কর্মসূচীতে শামিল হয়েছিলেন, আজ ও একই ভাবে তাদের সকল্ কে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন আন্দোলনকারীরা।

বাইট

---------------------------

রাজ্য সরকার আবারো জুনিয়র ডাক্তারদের কর্মবিরতি ও অবস্থানকে কটাক্ষ করেছে। বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায় গতকাল সাংবাদিকদের সঙ্গে আলাপচারিতায় বলেন

বাইট

এদিকে তৃণমূল কংগ্রেস নেতা কুনাল ঘোষ গতকাল এক সাংবাদিক বৈঠকে একটি অডিও ক্লিপ সামনে এনে অভিযোগ করেন যে জুনিয়র ডাক্তারদের ধরনায় হামলার ছক কষা হয়েছিল। সরকারকে বিড়ম্বনায় ফেলার জন্যই এই পরিকল্পনা নেওয়া হয়েছিল বলে

কুনাল বাবু মন্তব্য করেন। বাইরে থেকে লোক এনে ছক কষা হয়েছিল বলেও তাঁর দাবি ।

বাইট

---------------------------

অন্যদিকে বিজেপি রাজ্যে স্বাস্থ্য ক্ষেত্রে বিপর্যয়ের জন্য রাজ্য সরকারকেই দায়ী করেছে। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে দলের রাজ্য মুখপাত্র শমীক ভট্টাচার্য জানিয়েছেন,মুখ্যমন্ত্রী সহ শাসকদল এই বিপর্যয়ের কারণ হিসেবে জুনিয়র ডাক্তারদের আন্দোলনকে দায়ী করেছে। কিন্তু তাঁর অভিযোগ,চরম দুর্নীতি ও লুটের কারণেই এই বিপর্যয় ঘটেছে। আজ যে চূড়ান্ত অরাজকতা তৈরি হয়েছে তার জন্যই জুনিয়র ডাক্তাররা আন্দোলনে নামতে বাধ্য হয়েছেন।

তবে জুনিয়র ডাক্তারদের এই আন্দোলনে কিছু অপ্রাসঙ্গিক রাজনৈতিক শক্তি ঢুকে পড়ে রাজনীতির রঙ দেওয়ার চেষ্টা করছে বলেও শ্রী ভট্টাচার্যের আরো অভিযোগ।

বাইট

---------------------------

দক্ষিণ পূর্ব বাংলাদেশ উপকূল এবং সংলগ্ন এলাকায় সৃষ্ট নিম্নচাপটি আরও ঘনীভূত হয়ে পশ্চিমবঙ্গের উপকূলের দিকে এগোচ্ছে।

এর প্রভাবে কলকাতা সহ দক্ষিণবঙ্গের বিভিন্ন জেলায় ভারী বৃষ্টি হচ্ছে। আগামীকাল পর্যন্ত এই বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দফতর।

দুই ২৪ পরগনা, হাওড়া, হুগলী ও কলকাতায় আজ ও ভারী থেকে অতি ভারী বৃষ্টির পূর্বাভাষ।

বাঁকুড়া ও পশ্চিম মেদিনীপুরে অতি ভারি বৃষ্টির লাল সতর্কতার পাশাপাশি দুই বর্ধমান, ঝাড়গ্রাম ও পুরুলিয়া জেলায় ভারী বৃষ্টির কমলা সতর্কতা জারি থাকছে।

সর্বোচ্চ ৫৫ কিলোটমিটার পর্যন্ত বেগে ঝোড়ো হাওয়া বয়ে যেতে পারে কলকাতা, হাওড়া, হুগলী, দুই মেদিনীপুর এবং দুই ২৪ পরগণা জেলায়। সমুদ্র উত্তাল থাকায় মৎস্যজীবীদের আগামীকাল পর্যন্ত সাগরে পাড়ি না দেবার পরামর্শ দেওয়া হয়েছে।

কলকাতায় আজ সকাল সাড়ে ৬ টা পর্যন্ত বৃষ্টি হয়েছে ৭২ দশমিক ৪ মিলিমিটার। বৃষ্টিতে তাপমাত্রাও কিছুটা নেমেছে।

উত্তরবঙ্গের জেলাগুলিতেও রবিবার পর্যন্ত বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাষ দেওয়া হয়েছে।

---------------------------

নিম্নচাপ ও মৌসুমী অক্ষরেখা জোড়া ফলায় বিপর্যস্ত দক্ষিণ ২৪ পরগনা। গতকাল থেকে দফায় দফায় ভারী বৃষ্টি হচ্ছে জেলা জুড়ে। বৃষ্টির সঙ্গে বইছে ঝোড়ো বাতাস। রাত থেকে বৃষ্টির পরিমাণ বাড়ে, সঙ্গে বাতাসেরই দাপটও। সুন্দরবন উপকূলে ঝড়ের দাপট ছিল ঘন্টা ৫০ থেকে ৬০ কিলোমিটার। ঝড়ের জেরে কাকদ্বীপ মহকুমার নামখানা, সাগর, পাথরপ্রতিমায় একাধিক কাঁচাবাড়ি, গাছ, পানের বরজ ভেঙে পড়েছে। প্রশাসনের পক্ষ থেকে ব্যাপক ক্ষয়ক্ষতির আশঙ্কা করা হচ্ছে। সকাল থেকেও নাগাড়ে বৃষ্টি চলছে, সঙ্গে ঝোড়ো বাতাস। ঝড় -বৃষ্টির জেরে সমুদ্রও উত্তাল ।

---------------------------

আজ করম পুজো। নানা আচার অনুষ্ঠানের মধ্য দিয়ে ভাদ্র মাসের শুক্লা একাদশী তিথিতে এই করম উৎসব পালিত হয়ে থাকে। করম পূজো উপলক্ষে আজ

পশ্চিমবঙ্গ, ঝাড়খন্ড ,বিহার, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়,উড়িষ্যা, অসম সহ বিভিন্ন জায়গায় ফসল কাটার উৎসব পালিত হচ্ছে।

করম পুজো উপলক্ষে আজ পূর্ণ দিবস ছুটি ঘোষণা করেছে রাজ্য সরকার।

নবান্নে অর্থ দপ্তরের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে সমস্ত সরকারি, ও আধা সরকারি দপ্তর, পুরসভা, পুর নিগম এবং সরকারি ও সরকারি সাহায্যপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানগুলি আজ বন্ধ থাকবে। চা বাগানে কর্মরত শ্রমিকদেরও সবেতন ছুটি দেওয়ার কথা বলা হয়েছে।

--------------------------

সদ্য প্রয়াত সিপিআইএমের সাধারণ সম্পাদক সীতারাম ইয়েচুরির মরদেহ জনগণের শেষ শ্রদ্ধা নিবেদনের জন্য আজ দলের সদর দপ্তর নতুন দিল্লীর এ কে গোপালান ভবনে শায়িত রাখা হবে। সকাল ১১ টা থেকে বিকেল তিনটে পর্যন্ত সাধারণ মানুষ সেখানে তাঁকে শ্রদ্ধা জানাতে পারবেন। এরপর মরদেহ নিয়ে যাওয়া হবে অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ মেডিকেল সায়েন্সেস এইমস-এ। সেখানে ইয়েচুরির শেষ ইচ্ছা অনুযায়ী চিকিৎসা ক্ষেত্রে গবেষণার জন্য তাঁর দেহ দান করা হবে। উল্লেখ্য ৭২ বছরের এই প্রবীণ নেতার জীবনাবসান হয় এইমস-এ গত বৃহস্পতিবার। বেশ কিছু দিন ধরেই তিনি অসুস্থ অবস্থায় সেখানে ভর্তি ছিলেন।

--------------------------

মুর্শিদাবাদ জেলার বিশিষ্ট সাংবাদিক ও সমাজকর্মী অনল আবেদিন প্রয়াত । দীর্ঘদিন ধরে নানান শারিরীক অসুস্থতায় ভুগছিলেন তিনি। গত কাল সন্ধেই বহরমপুর

গোরাবাজারের নিজের ফ্ল্যাটে অসুস্থ হয়ে পড়েন, মুর্শিদাবাদ মেডিকেল কলেজে নিয়ে গেলে সেখানেই শেষ নি:শ্বাস ত্যাগ করেন তিনি। বয়স হয়েছি ৫৯ বছর।

আজ সকালে বহরমপুর রবীন্দ্রসদনে তাকে শেষ শ্রদ্ধা জানানোর পর, দুপুর ১ টায় তার নিজের গ্রাম দৌলতাবাদ থানার অন্তর্গত ঘোষপাড়া নওদাপাড়ায় পারিবারিক কবরস্থানে তার অন্তেষ্টি সম্পন্ন হবে।

---------------------------

একাদশ আইএসএল ফুটবলে মোহনবাগান সুপারজায়ান্ট ও মুম্বই সিটি এফসির মধ্যে উদ্বোধনী ম্যাচ ২-২ গোলে অমীমাংসিত ভাবে শেষ হয়েছে।সল্টলেকের যুবভারতী ক্রীড়াঙ্গনে গতকাল বিরতিতে মোহনবাগান ২-০ গোলে এগিয়ে ছিলো। দ্বিতীয়ার্ধে ম্যাচে সমতা ফেরায় গতবারের চ্যাম্পিয়নরা। মোহনবাগানের হয়ে একটি গোল এলবারটো রড্রিগেজ করেন, অপর গোলটি আত্মঘাতী। মুম্বইয়ের হয়ে তিরি ও থায়ের ক্রোউমা গোল করেন।

--------------------------- ---------------------------